১২৮২১

# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১৪৩৪১১/টাঙ্গাইল-৭০/৬৪৭৯/২ তারিখ:০৬.০১.২০২০খ্রি.

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলাধীন ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসার নবগঠিত ম্যানেজিং কমিটির সভাপতি মনোনয়নে বিভিন্ন অনিয়মের বিষয়ে ০৫ নং বাংড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জনাব মো: মোখলেছুর রহমান অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-বিগত কমিটির সভাপতি ও দাতা সদস্য জনাব মো: আমির কুদরত-ই-এলাহি একজন শিক্ষানুরাগী। উক্ত মাদ্রাসার বিগত ২৮/১০/২০১৯ খ্রি. তারিখে বিধি মোতাবেক ম্যানেজিং কমিটির নির্বাচনী কার্যক্রম সম্পন্ন করে প্রিজাইডিং অফিসার নির্বাচনী ফলাফল প্রকাশ করেন। নির্বাচন অনুষ্ঠানের ০৭ (সাত) দিনের মধ্যে সভাপতি নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার বিগত কমিটির সভাপতি ও দাতা সদস্য জনাব মো: আমির কুদরত-ই-এলাহি-কে না জানিয়ে সভার কার্যক্রম সম্পন্ন করে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৫ পাতা (........) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৬.০১-২০২০

**মোঃ সিদ্দিকুর রহমান**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

জেলা প্রশাসক
টাঙ্গাইল।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১৪৩৪১১/টাঙ্গাইল-৭০/ / তারিখ: .০১.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতী, টাঙ্গাইল;
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিহাতী, টাঙ্গাইল;
৩. সভাপতি, ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসা, ডাকঘর: ছাহিতাটী, কালিহাতী, টাঙ্গাইল;
৪. সুপার, ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসা, ডাকঘর: ছাহিতাটী, কালিহাতী, টাঙ্গাইল;
৫. জনাব মো: মোখলেছুর রহমান (অভিযোগকারী), গ্রাম: খিলদা, ডাকঘর: খিলদা, কালিহাতী, টাঙ্গাইল;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

৬/১/২০২০

**মোঃ ওমর ফারুক**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪

তারিখঃ ১৭/১১/২০১৯খ্রিঃ

বরাবর

চেয়ারম্যান
মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা।

**বিষয়ঃ- টাঙ্গাইল জেলার কালিহাতী উপজেলাধীন ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচন/২০১৯ এর আইন ও বিধি মোতাবেক সভাপতি নির্বাচন না হওয়ায় বিতর্কিত ম্যানেজিং কমিটি অনুমোদন না দেওয়ার আবেদন প্রসঙ্গে।**

জনাব

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক জনস্বার্থে বিনীত নিবেদন এই যে, আমি মোঃ মোখলেছুর রহমান, সভাপতি ৫নং বাংড়া ইউনিয়ন আওয়ামীলীগ,পিতা মৃত- মোসলেম উদ্দিন(সাবেক আওয়ামীলীগ নেতা),সাং- খিলদা, থানা- কালিহাতী, জেলা-টাঙ্গাইল। কালিহাতী উপজেলাধীন ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচন শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আইন ও বিধি মোতাবেক সভাপতি নির্বাচন না হওয়ায় আমি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর সৈনিক ও মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনার আদর্শের একজন কর্মী হিসাবে অভিযোগ দায়ের করিলাম। ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচন/২০১৯ গত ২৮/১০/২০১৯ ইং তারিখে তফসিল অনুযায়ী নির্বাচনের বিজয়ী প্রার্থীগণের ফলাফল প্রিজাইডিং অফিসার কর্তৃক ঘোষনা করা হইয়াছে। আইন ও বিধি মোতাবেক নির্বাচনের চূড়ান্ত ফলাফলের ৭(সাত) দিনের মধ্যে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসার অফিস কক্ষে ম্যানেজিং কমিটির সংখ্যা গরিষ্ঠ সদস্যদের সমর্থন ও মতামত নিয়ে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের বিধান রহিয়াছে। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশক্রমে মাধ্যামিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ০৩/১০/২০১৯ ইং তারিখের একটি পরিপত্র জারী করা হইয়াছে।(কপি সংযুক্ত)। উক্ত ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের বিষয়ে প্রতিষ্ঠানের ক্যাম্পাসে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের বিধান রহিয়াছে।

কিন্তু অতীব দুঃখের বিষয় সভাপতি নির্বাচনের আইন ও বিধি লংঘন করে মাদ্রাসার দাতা সদস্য ও বর্তমান পর পর দুইবার নির্বাচিত সভাপতি জনাব মোঃ আমির কুদরত-ই-এলাহি খান কে ও অভিভাবক সদস্য জনাব আবুল কাশেম ও অভিভাবক সদস্য জনাব মোঃ জিয়াউর রহমান সাহেবদেরকে সভাপতি নির্বাচনের নোটিশ না দিয়া প্রিজাইডিং অফিসার ও কালিহাতী উপজেলা নির্বাহী অফিসার বে-আইনী ভাবে শিক্ষা মন্ত্রণালয়ের আইন ও বিধি লংঘন করে ব্যক্তিগত স্বার্থ হাসিল করার অসৎ উদ্দেশ্যে গত ০৩/১১/২০১৯ ইং তারিখে উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে বে-আইনী ভাবে উক্ত ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসার সভাপতি নির্বাচন অনুষ্ঠিত করেন। উক্ত সভাপতি নির্বাচনে উপজেলা নির্বাহী অফিসারকে ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত করে। যাহা আইন ও বিধির পরিপন্থী। মাদ্রাসার বর্তমান সভাপতি ও দাতা সদস্য জনাব আমির কুদরত-ই-এলাহি খান গত ২৯/১০/২০১৯ ইং তারিখে প্রিজাইডিং অফিসার বরাবর আবেদন করে সভাপতি নির্বাচনটি মাদ্রাসার অফিস কক্ষে আইন ও বিধি মোতাবেক করার জন্য অনুরোধ করেন। কিন্তু উক্ত আবেদন পত্রটি প্রিজাইডিং অফিসার আমলে গ্রহণ করেন নাই।(কপি সংযুক্ত)।

মোঃ আমির কুদরত-ই-এলাহি খান ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে ১৯৮৩ সনে বি,এস,এস, অনার্স এম,এস,এস পাশ করিয়া পরবর্তীতে এল,এল,বি ডিগ্রী লাভ করেন। তাহার পিতা মরহুম আমির আলী খান সাহেব ১৯৫৪ সনে যুক্তফ্রন্ট এর

নির্বাচনে কালিহাতী বাসাইল নির্বাচনী এলাকা হইতে পাকিস্তানের স্পিকার জনাব আব্দুল হামিদ চৌধুরীকে পরাজিত করিয়া বিপুল ভোটে এম,এল,এ নির্বাচিত হন এবং পরবর্তীতে প্রতিমন্ত্রীর পদ মর্যাদায় পার্লামেন্টের সেক্রেটারী(বর্তমানে হুইপ) নির্বাচিত হন।

তিনি বর্তমানে টাঙ্গাইল জেলা আওয়ামীলীগের মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদিত কমিটির সহ-সভাপতি, টাঙ্গাইল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ এর পর পর ২বার নির্বাচিত সভাপতি, টাঙ্গাইলের ঐতিহ্যবাহী বালিকা উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির পর পর ৫বার নির্বাচিত সভাপতি(কপি সংযুক্ত)। কালিহাতী উপজেলাধীন গোপালদিঘী কে,পি ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের বর্তমান নির্বাচিত সভাপতি(কপি সংযুক্ত)। রোয়াইল ছাতিহাটী গোলড়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির পর পর ২বার নির্বাচিত সভাপতি এবং বর্তমানেও সভাপতি এবং ম্যানেজিং কমিটির ২০১৯ নির্বাচনের গত ২৮/১০/২০১৯ ইং তারিখে ম্যানেজিং কমিটির নির্বাচনে দাতা সদস্য নির্বাচিত হইয়াছেন। তাহার ব্যক্তিগত চরিত্র সম্পর্কে টাঙ্গাইল জেলা আওয়ামীলীগের সংগ্রামী সভাপতি ও টাঙ্গাইল জেলা পরিষদের চেয়ারম্যান,সাবেক গণপরিষদ ও সংসদ সদস্য জনাব ফজলুর রহমান খান ফারুক সাহেব এবং টাঙ্গাইল জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও মাননীয় সংসদ সদস্য জনাব এডভোকেট জোয়াহেরুল ইসলাম সাহেব গত ১৯/৪/২০১৬ ইং তারিখে এক গুরুত্বপুর্ন প্রত্যয়ন পত্র প্রদান করিয়াছেন।(কপি সংযুক্ত)।

তিনি একজন বিশিষ্ট ব্যবসায়ী, সমাজ সেবক ও বিদ্যুতসাহী ও শিক্ষানুরাগী ব্যক্তি। টাঙ্গাইল পৌরসভা কর্তৃক তাহার ব্যবসার সাইসেন্সটি ৩০/০৬/২০২০ সন পর্যন্ত অনুমোদিত আছে। তিনি ২০১৮-২০১৯ কর বর্ষে ২টি চালানের মাধ্যমে ৩,৫২,০০০/-+ ৫০,৮১৫/- মোট ৪,০২,৮১৫/-টাকা আয়কর পরিশোধ করিয়াছেন।(কপি সংযুক্ত)।

তিনি টাঙ্গাইল দারুল উলুম কামিল মাদরাসার ফাউন্ডার প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে তার ও তাহার স্ত্রীর নামে উক্ত মাদ্রাসার পাকা রশিদ মূলে গত ১৪/১২/২০১৬ ইং তারিখে মোট ১২,০০,০০০/-(বার লক্ষ) টাকা মাদ্রাসার তহবিলে জমা প্রদান করিয়াছেন।(কপি সংযুক্ত)।

এছাড়াও তাহার পৈত্রিক সম্পতির ৩৩ শতাংশ ভূমি উক্ত টাঙ্গাইল দারুল উলুম কামিল মাদ্রাসার নামে মাদ্রাসার নামে ওয়াকফ মূলে দান করিয়াছেন।যাহার বর্তমান বাজার মূল্য প্রায় ১৫,০০,০০,০০০/-(পনের কোটি)টাকা।(কপি সংযুক্ত)।

ইহা ছাড়াও টাঙ্গাইল উচ্চ বালিকা বিদ্যালয়, কালিহাতী উপজেলাধীন গোপালদীঘি কে.পি ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ে তিনি ও তাহার স্ত্রীর নামে প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য বিভিন্ন তারিখে প্রতিষ্ঠানের পাকা রশিদ মূলে অনুদান প্রদান করিয়াছেন।(কপি সংযুক্ত)।

বর্তমানে কালিহাতী উপজেলাধীন ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসাটি যে ভূমির উপর প্রতিষ্ঠিত উহার ১৭ শতাংশ ভূমি যাহার বর্তমান বাজার মূল্য প্রায় ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা যাহা তিনি ওয়াকফ মূলে উক্ত প্রতিষ্ঠানের নামে দান করিয়াছেন।(কপি সংযুক্ত)।

ইহা ছাড়াও তিনি উক্ত মাদ্রাসায় পাকা রশিদ মূলে বিভিন্ন সময় অনুদান প্রদান করিয়াছেন।(কপি সংযুক্ত)।

জনাব আমির মোঃ কুদরত-ই-এলাহি খান মাদ্রাসার বর্তমান দাতা সদস্য ও ম্যানেজিং কমিটির বর্তমান সভাপতি। তাকে বাদ দিয়ে অত্র প্রতিষ্ঠানে ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর নিয়োগ বাণিজ্যের অসৎ উদ্দেশ্যে বে-আইনী ভাবে উপজেলা নির্বাহী অফিসারকে ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচিত করিয়াছে। যাহা শিক্ষা মন্ত্রণালয়ের আইন ও বিধির পরিপন্থী।

অতএব মহোদয়ের সমীপে বিনীত প্রার্থনা এই যে, আপনার বরাবর প্রেরীত আইন ও বিধি বহির্ভূত ভাবে গঠিত ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি অনুমোদন না দেওয়ার জন্য বিনয়ের সহিত নিবেদন করিতেছি।

সংযুক্তঃ-

১। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কর্তৃক ০৩/১০/২০১৯ইং তারিখের ১৫৭৪ নং স্মারকের পত্র- ০১ কপি।
২। ২৯/১০/২০১৯ইং তারিখে প্রিজাইডিং অফিসার বরাবর আবেদন- ০১কপি।
৩। টাংগাইল বালিকা উচ্চ বিদ্যালয় কর্তৃক ১৪/১১/২০১৯ ইং তারিখের প্রত্যায়ন পত্র- ০১ কপি।
৪। টাঙ্গাইল জেলা আওয়ামীলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক মহোদয় কর্তৃক গত ১৯/০৪/২০১৬ ইং তারিখের প্রত্যায়ন পত্র- ০১ কপি।
৫। ২০১৮-২০১৯ কর বর্ষে ২টি চালানের মাধ্যমে আয়কর পরিশোধের ফটোকপি- ০১কপি ২পাতা।
৬। টাঙ্গাইল দারুল উলুম কামিল মাদ্রাসার ফাউন্ডার সদস্য হিসেবে ১২ (বারো) লক্ষ টাকা মাদ্রাসার তহবিলে জমা ও ৩৩ (তেত্রিশ) শতাংশ ভূমি ওয়াকফ মূলে দানের ফটোকপি- ০১ কপি।
৭। গোপালদীঘি কে.পি.ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের উন্নয়ন কল্পে বিভিন্ন তারিখে প্রদত্ত অনুদানের ফটোকপি- ০৭ পাতা।
৮। ছাতিহাটী গ.র.ম দাখিল মাদ্রাসায় ওয়াকফমূলে ১৭(সতের) শতাংশ ভূমি দানের বিষয়ে মাদ্রাসা কর্তৃক প্রদত্ত পত্র- ০১ কপি

মোঃ মোখলেছুর রহমান

(মোঃ মোখলেছুর রহমান)
সভাপতি ৫নং বাংড়া ইউনিয়ন আওয়ামীলীগ,
পিতা মৃত- মোসলেম উদ্দিন,
সাং- খিলদা, থানা- কালিহাতী,
জেলা-টাঙ্গাইল।
মোবাইল নং-০১৭১৬৪০৪৫২৩।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় শিক্ষামন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মাননীয় শিক্ষা উপমন্ত্রী,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৩। সচিব, মাদ্রাসা ও কারিগরি শাখা, পরিবহনপুল, ৯ম তলা, সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

NATIONAL ID CARD / জাতীয় পরিচয় পত্র



নাম: মোঃ মোখলেছুর রহমান

Name: MD. MOKHLESUR RAHMAN

পিতা: মৃত মোসলেম উদ্দীন

মাতা: মৃত সখিনা বেগম

Date of Birth: 15 May 1967

ID NO: 9314714350063

এই কার্ডটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পত্তি। কার্ডটি ব্যবহারকারী ব্যতীত অন্য কোথাও পাওয়া গেলে নিকটস্থ পোস্ট অফিসে জমা দেবার জন্য অনুরোধ করা হলো।

ঠিকানা: বাসা/হোল্ডিং: পূর্ব পাড়া, গ্রাম/রাস্তা: বিলদা, খিলদা, ডাকঘর: বাংড়া - ১৯৭০, কালিহাতী, টাঙ্গাইল

প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

প্রদানের তারিখ: ১০/০৮/২০০৮